সমকাল

তারিখ ... 25 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ......

## নরসিংদীতে বিশ্ববিদ্যালয় চাই

রত্নভূমি নরসিংদী আমাদের দেশের এক ঐতিহাসিক ও মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত জেলা। আমাদর এই নরসিংদী জেলায় অনেক গুণী ছাত্রছাত্রী রয়েছে, যারা দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজগুলোতে অধ্যয়নরত। কিন্তু দুঃখের বিষয় হলেও সত্য যে, আমাদের জেলায় কোনো বিশ্ববিদ্যালয় নেই। দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা শিক্ষার্থীরা খুবই কষ্টের সঙ্গে তাদের শিক্ষাজীবন অতিবাহিত করছে। আমাদের জেলা শিল্প, চিকিৎসা ও সব ক্ষেত্রে ভালো অবস্থানে থাকলেও ভালো শিক্ষা প্রতিষ্ঠানের অভাবে মেধাবী শিক্ষার্থীরা দুর্ভোগের শিকার হচ্ছে। তাই নরসিংদী জেলায় একটি আন্তর্জাতিক মানের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করলে এই জেলার মেধাবী শিক্ষার্থীরা পড়াশোনার সুযোগ পাবে এবং দেশের উন্নয়ন ও অগ্রগতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবে। শিক্ষামন্ত্রীর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, নরসিংদী জেলায় অতিসত্বর একটি আন্তর্জাতিক মানের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্যোগ যেন তারা গ্রহণ করেন।

শহিদুল ইসলাম
পরিসংখ্যান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়